তারিখঃ 04/03/2014

**অর্থ হস্তান্তরণ পরিষেবা প্রকল্প–' সোজাসুজি এ্যাকাউন্টে' সুবিধা**

আরবিআই/2013-14/511
এ.পি.(ডিআইআর সিরিজ)সার্কুলার নম্বর.110

মার্চ 4, 2014

সকল প্রাধিকৃত ব্যক্তি, যাঁরা অর্থ হস্তান্তরণ পরিষেবা প্রকল্পের অধীনে ভারতীয় এজেন্ট

মহাশয়া / মহাশয়,

**অর্থ হস্তান্তরণ পরিষেবা প্রকল্প– 'সোজাসুজি এ্যাকাউন্টে' সুবিধা**

অর্থ হস্তান্তরণ পরিষেবা প্রকল্পের (এমটিএসএস) অধীনে সকল প্রাধিকৃত ভারতীয় এজেন্টদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে 'অর্থ হস্তান্তরণ পরিষেবা প্রকল্প – সংশোধিত নির্দেশিকা, সময়ে সময়ে পরিমার্জিত' বিষয়ে মার্চ 12, 2013 তারিখের এ.পি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং 89-এর ধারা I-এর সংলগ্নী-II-এর অনুচ্ছেদ 4.4 (ই)– 'উপকৃত (বেনিফিসিয়ারি) কে অর্থপ্রদান'-এর প্রতি।

2. বিদেশ থেকে প্রেরিত অর্থ যাতে সোজাসুজি বেনিফিসিয়ারির এ্যাকাউন্টে চলে যায় সেই কারণে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে কেওয়াইসি পালন করেন যে সকল বেনিফিসিয়ারি, তাঁদের ব্যাঙ্ক এ্যাকাউন্টে বিদেশ থেকে এমটিএসএস-এর অধীনে আসা অর্থ এনইএফটি, আইএমপিএস ইত্যাদি বৈদ্যুতিন মাধ্যমে হস্তান্তরিত করার অনুমতি দেওয়া হবে। এই উদ্দেশ্য সাধনের জন্য নিম্নলিখিত পদ্ধতি পালন করতে হবেঃ

এমটিএসএস-এর অধীনে ভারতীয় এজেন্ট হিসেবে কার্যরত ব্যাঙ্ক ( 'অংশীদার ব্যাঙ্ক' নামে পরিচিত) কর্তৃক প্রাপ্ত বিদেশ থেকে আগত অর্থ বৈদ্যুতিন উপায়ে, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে, উপকৃত(বেনিফিসিয়ারি)-এর এ্যাকাউন্টে, ভারতীয় এজেন্ট ব্যাঙ্ক নয়, তার বাইরে অন্য ব্যাঙ্কে রক্ষিত, ('প্রাপক ব্যাঙ্ক' নামে পরিচিত) সোজাসুজি ক্রেডিট হতে পারেঃ

A. প্রাপক ব্যাঙ্ক অংশীদার ব্যাঙ্ক কর্তৃক স্থানান্তরিত অর্থ শুধুমাত্র কেওয়াইসি পূরণ করা ব্যাঙ্ক এ্যাকাউন্টে ক্রেডিট করবে।
B. ব্যাঙ্ক এ্যাকাউন্টের ক্ষেত্রে, যারা কেওয়াইসি পূরণ করেনি, ওইরূপ এ্যাকাউন্টে অর্থ ক্রেডিট করার আগে প্রাপক ব্যাঙ্ক কেওয়াইসি/সিডিডি পূরণ করবে বা তুলে নেওয়ার অনুমতি দেবে।
C. অংশীদার ব্যাঙ্ক উপযুক্তভাবে চিহ্নিত করবে সোজাসুজি-এ্যাকাউন্টে-প্রেরিত অর্থ যাতে প্রাপক ব্যাঙ্ক বুঝতে পারে যে এটা বিদেশ থেকে আসা টাকা ।
D. প্রাপক-ব্যাঙ্কে তহবিল হস্তান্তরণের সময় অংশীদার-ব্যাঙ্ক নিশ্চিত করবে যে বৈদ্যুতিন বার্তায় মূল প্রেরকের নির্ভুল তথ্য এবং উপকৃত (বেনিফিসিয়ারি)-এর প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত করা আছে।

   বিদেশি মূল সংস্থা, অংশীদার ব্যাঙ্ক এবং প্রাপক ব্যাঙ্ককে নিয়ে যে অর্থপ্রদানের শৃঙ্খলাবদ্ধ ব্যবস্থা, তাদের সকলের কাছে যেন অর্থপ্রেরণ-বার্তার মাধ্যমে এই তথ্য থাকে। এই অর্থ বিদেশ থেকে আসছে এবং কেওয়াইসি না-পালন-করা এ্যাকাউন্টে এবং এনআরই/এনআরও এ্যাকাউন্টে কখনই ক্রেডিট করা যাবে না- এই মর্মে অংশীদার ব্যাঙ্ক বৈদ্যুতিন বার্তায় একটি উপযুক্ত সতর্কতা অবশ্যই জুড়ে দেবে।
E. অবৈধ অর্থ বৈধকরণ প্রতিরোধ (নথি রক্ষণাবেক্ষণ) বিধি, ২০০৫-এর বিধান অনুসারে প্রাপকের পরিচিতি এবং অন্যান্য নথি রক্ষণাবেক্ষণ করবে প্রাপক ব্যাঙ্ক। এমটিএসএস-এর জন্য রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক সময় সময় জারি করা কেওয়াইসি/এএমএল/সিএফটি নির্দেশিকার অধীনে অন্যান্য প্রয়োজনগুলি অংশীদার ব্যাঙ্ককে পালন করতে হবে।
F. প্রাপক ব্যাঙ্ক অংশীদার ব্যাঙ্কের কাছ থেকে আরও তথ্য চাইতে পারে এবং অংশীদার ব্যাঙ্কের সন্দেহজনক লেনদেন সম্পর্কে এফআইইউ-আইএনডিকে রিপোর্ট করবে। উক্ত লেনদেনের খুঁটিনাটি, যার সাহায্যে অংশীদার ব্যাঙ্ক প্রেরিত অর্থ গ্রহণ করেছে, রিপোর্টে থাকবে।

3 সময় সময় সংশোধিত অন্য সব নির্দেশিকা অপরিবর্তিত থাকবে। মার্চ 12, 2013 তারিখাঙ্কিত এ.পি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং. 89 দেখুন।

4. প্রাধিকৃত ব্যক্তিগণ (ভারতীয় এজেন্ট) এই সার্কুলারের বিষয়বস্তু সংশ্লিষ্ট সমস্ত পক্ষের গোচরে আনতে পারেন।

5. বৈদেশিক অর্থ পরিচালন আইন 1999 (1999 এর 42)-এর ধারা 10(4) এবং ধারা 11(1)-এর অধীনে এই সার্কুলারে অন্তর্ভুক্ত নির্দেশিকাগুলি জারি করা হয়েছে এবং এর দ্বারা অন্য কোনও আইনের অধীনে প্রয়োজনীয় অনুমোদন/সম্মতি, ব্যাহত হবে না।

আপনার বিশ্বস্ত,

(রুদ্র নারায়ন কর)
দায়িত্ব-প্রাপ্ত মুখ্য মহাপ্রবন্ধক